রূপালী ব্যাংক পিএলসি.
RUPALI BANK PLC.
উত্তম সেবার নিশ্চয়তা
বিভাগীয় কার্যালয়, সিলেট।
ফোনঃ ০২৯৯৬৬৩৫৬৫৯, ০২৯৯৬৬৩৮৬৭১ ইমেইলঃ do-sylhet@rupalibank.org

সূত্র নংঃ বিকাসি/প্রকা/পগ/২০২৪/ ০৪ তারিখঃ ২৫/০৩/২০২৪ খ্রি.

## সভার নোটিশ

রূপালী ব্যাংক পিএলসি প্রধান কার্যালয় এর পরিকল্পনা ও গবেষণা বিভাগের গত ১৮/০১/২০২৪ তারিখের স্মারক নং-৫৩.০৮.০০০০.১০৭.৩৭.০০২.২২.৭ এর নির্দেশনার প্রেক্ষিতে আগামী ২৭/০৩/২০২৪ তারিখে দুপুর ১২.০০ ঘটিকায় বিভাগীয় কার্যালয়, সিলেট-এ সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় রূপালী ব্যাংক পিএলসি, বিভাগীয় কার্যালয়- সিলেট, জোনাল অফিস-সিলেট ও সুনামগঞ্জের কর্মকর্তা/কর্মচারীগণ এবং মিরাবাজার কর্পোঃ শাখার কয়েকজন সম্মানিত গ্রাহক উপস্থিত থাকার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

আপনার বিশ্বস্ত,

(কমল ভট্টাচার্য্য)
মহাব্যবস্থাপক

সংযুক্তি ঃ বর্ণনামতে।

রূপালী ব্যাংক পিএলসি.
RUPALI BANK PLC.
উত্তম সেবার নিশ্চয়তা
বিভাগীয় কার্যালয়, সিলেট।
ফোনঃ ০২৯৯৬৬৩৫৬৫৯, ০২৯৯৬৬৩৮৬৭১ ইমেইলঃ do-sylhet@rupalibank.org

সূত্র:বিকাসি/সাধারণ/২০২৪/ ৩৫

তারিখ: ২৭-০৩-২০২৪

## কার্যবিবরণী

অদ্য ২৭-০৩-২০২৪ তারিখ রোজ বুধবার দুপুর ১২.০০ ঘটিকায় বিভাগীয় কার্যালয়, সিলেট-এ সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা অনুষ্ঠিত হয়। বিভাগীয় কার্যালয়, সিলেট এর উপ-মহাব্যবস্থাপক জনাব মোহাম্মদ মিল্লাত হোসেনের সভাপতিত্বে উক্ত সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিভাগীয় কার্যালয়ের মহাব্যবস্থাপক ও বিভাগীয় প্রধান জনাব কমল ভট্টাচার্য্য। এছাড়াও বিভাগীয় কার্যালয়, জোনাল অফিস-সিলেট ও সুনামগঞ্জের কর্মকর্তা/কর্মচারীগণ এবং মিরাবাজার কর্পোঃ শাখার কয়েকজন সম্মানিত গ্রাহক উপস্থিত ছিলেন।

### সভাপতির বক্তব্যঃ

সভার শুরুতে সভাপতি জনাব মোহাম্মদ মিল্লাত হোসেন, উপ-মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়, সিলেট উপস্থিত সকলকে স্বাগত জানান। তিনি বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) এর সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কর্মপরিকল্পনা ২০২৩-২৪ বাস্তবায়নের নিমিত্তে বিভাগীয় কার্যালয়, সিলেট কর্তৃক আয়োজিত সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভার সূচনা বক্তব্য প্রদান করেন। তিনি সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সম্যক ধারণা প্রদানপূর্বক অত্র কার্যালয় এবং এর অধীনস্ত জোনাল অফিস/শাখাসমূহে সেবা প্রদান প্রতিশ্রুতি সফল ও কার্যকরভাবে বাস্তবায়ন নিশ্চিত করার বিষয়ে গুরুত্ব আরোপ করেন এবং সকলের প্রতি আহ্বান জানান।

### সভায় উপস্থিত স্টেকহোল্ডারগণের মধ্য হতে মিরাবাজার কর্পোঃ শাখার কয়েকজন সম্মানিত গ্রাহকের বক্তব্যঃ

- প্রধান অতিথির অনুমতিক্রমে উপস্থিত সম্মানিত গ্রাহক জনাব মোঃ হানিফ মিয়া নিজের পরিচিতি প্রদানপূর্বক সেবা প্রদান প্রতিশ্রুতি সফল ও বাস্তবায়নের ফলে গ্রাহক পর্যায়ে এর সুফল সম্পর্কে সংক্ষেপে আলোচনা করেন। তিনি তার বক্তব্যে অত্র ব্যাংকের বর্ণিত শাখার সেবার প্রতি সন্তোষ প্রকাশ করেন।
- মিরাবাজার কর্পোঃ শাখার সম্মানিত গ্রাহক জনাব মোঃ হেলাল উদ্দিন নিজের পরিচিতি প্রদানপূর্বক প্রতিষ্ঠান হিসাবে ব্যাংকের কর্মকর্তাদের পাশাপাশি গ্রাহক পর্যায়ে সচেতনতা বৃদ্ধির জন্য সিটিজেন চার্টার এর গুরুত্ব ও উপকারিতা নিয়ে এর সফল বাস্তবায়নের জন্য আশাবাদ ব্যক্ত করেন। পরিশেষে তিনি অত্র ব্যাংকের বর্ণিত শাখার সেবার প্রতি সন্তোষ প্রকাশ করে বক্তব্যের সমাপ্তি টানেন।

### প্রধান অতিথির বক্তব্য:

সভায় সভার প্রধান অতিথি হিসেবে সিলেট বিভাগের মহাব্যবস্থাপক জনাব কমল ভট্টাচার্য্য সেবা প্রদান প্রতিশ্রুতির উপর বিশদ বক্তব্য প্রদান করেন। তিনি তার বক্তব্যে সেবা প্রদান প্রতিশ্রুতির একটি পটভূমি আলোচনা করেন। বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) এর একটি অংশ হিসেবে সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন ও নিয়মিত হালনাগাদ করতঃ ব্যাংকের ওয়েবসাইটের সেবা বক্সে আপলোড করার জন্য সকল শাখা ব্যবস্থাপকের প্রতি নির্দেশনা প্রদান করেন। এছাড়াও সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়নে তিনি ব্যাংকের কর্মকর্তা ও কর্মচারীদের করণীয় সম্পর্কে দিকনির্দেশনা প্রদান করেন। তিনি তার বক্তব্যে অত্র কার্যালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতির অর্ন্তভুক্ত প্রতিটি সেবা সম্পর্কে বিশদভাবে আলোচনা করেন। তিনি অত্র কার্যালয় এবং আওতাধীন অফিস/শাখাসমূহ হতে প্রদত্ত সেবা সম্পর্কে সভায় উপস্থিত সম্মানিত গ্রাহকবৃন্দের দৃষ্টি আকর্ষণ করে উক্ত সেবাসমূহ সম্পর্কে কোন প্রকার পরামর্শ কিংবা সেবা পাওয়ার ক্ষেত্রে অভিযোগ থাকলে তা অবহিত করার জন্য আহ্বান জানান। সবশেষে তিনি "উত্তম সেবার নিশ্চয়তা"- ব্যাংকের এই মূলমন্ত্র ধারণ করে সকল কর্মকর্তা-কর্মচারীকে উত্তম সেবা প্রদানের মাধ্যমে ব্যাংকের উত্তরোত্তর সাফল্য নিশ্চিত করার আহ্বান জানিয়ে বক্তব্য সমাপ্ত করেন।

পরিশেষে সভার সভাপতি উপস্থিত সকলকে আবারো ধন্যবাদ জ্ঞাপন করে সমাপ্তি ঘোষণা করেন।

(কমল ভট্টাচার্য্য)
মহাব্যবস্থাপক

রূপালী ব্যাংক পিএলসি.
RUPALI BANK PLC.
উত্তম সেবার নিশ্চয়তা
বিভাগীয় কার্যালয়, সিলেট।
ফোনঃ ০২৯৯৬৬৩৫৬৫৯, ০২৯৯৬৬৩৮৬৭১ ইমেইলঃ do-sylhet@rupalibank.org

## ২৭-০৩-২০২৪ তারিখে বিভাগীয় কার্যালয়, সিলেট এ অনুষ্ঠিত সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভার হাজিরা তালিকাঃ

| ক্র নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | জনাব কমল ভট্টাচার্য্য | মহাব্যবস্থাপক | |
| ২ | জনাব মোহাম্মদ মিল্লাত হোসেন | উপ-মহাব্যবস্থাপক | |
| ৩ | জনাব সূর্য কান্ত দাশ | সিনিয়র প্রিন্সিপাল অফিসার | |
| ৪ | জনাব মোঃ আজাদ হোসেন | সিনিয়র প্রিন্সিপাল অফিসার | |
| ৫ | জনাব মোঃ জাহিদ হাসান শাকিল | সিনিয়র প্রিন্সিপাল অফিসার | |
| ৬ | জনাব মোহাম্মদ শেখ মিজানুর রহমান | প্রিন্সিপাল অফিসার | |
| ৭ | জনাব কামরুন্নাহার শীলা | প্রিন্সিপাল অফিসার | |
| ৮ | জনাব অঞ্জন কুমার রায় | প্রিন্সিপাল অফিসার | |
| ৯ | জনাব মাহিন আহমদ চৌধুরী | প্রিন্সিপাল অফিসার | |
| ১০ | জনাব মোঃ রুকনুজ্জামান | সিনিয়র অফিসার | |
| ১১ | জনাব কামরুল ইসলাম | সিনিয়র অফিসার | |
| ১২ | জনাব প্রিয়াংকা দাস পিংকী | সিনিয়র অফিসার | |
| ১৩ | জনাব আশিকুর রহমান | সিনিয়র অফিসার (লিগ্যাল অফিসার) | |
| ১৪ | জনাব মঙ্গল বাহাদুর | ড্রাইভার | |
| ১৫ | জনাব খলিলুর রহমান | অফিস সহকারী (কেয়ার টেকার) | |
| ১৬ | জনাব মোঃ আবু ইউসুফ | লিফটম্যান | |


অবহিতকরণ সভা


রূপালী ব্যাংক পিএলসি.
DO/CH/2017/014